# Sanatan Dharma

**ঠাকুর বলতেন**

ঠাকুর বলতেন, 'কলিতে জগন্নাথের মহাপ্রসাদ সাক্ষাৎ ব্রহ্ম। গঙ্গাজল আর বৃন্দাবনের রজঃকেও বলতেন সাক্ষাৎ ব্রহ্ম। তাঁর কি দিব্যদৃষ্টি ছিল আমরা কি করে বুঝব! নিজের বিছানার পাশে পশ্চিমের দেওয়ালে একটি বটুয়াতে মহাপ্রসাদ থাকত। রোজ সকালে প্রণাম করে এক দানা খেতেন। ভক্তদেরও দিতেন। একদিন নরেন্দ্রকেও দিলেন। নরেন্দ্র তা খেতে চায় না। বলে, "এ শুকনো ভাত, অপরিস্কার জিনিস।" ঠাকুর তখন তাকে বলেন, "তুই দ্রব্যগুণ মানিস – আফিং খেলে আঁটে আর ত্রিফলায় দাস্ত হয়?" নরেন্দ্র উত্তর করল, "হাঁ,তা মানি।" তখন ঠাকুর বললেন, "এও তেমনি। এই মহাপ্রসাদ খেলে জ্ঞান ভক্তি বিশ্বাস লাভ হয়।" তখন নরেন্দ্র নির্বিচারে উহা খেলে। ঠাকুরের কথায় তাঁর পূর্ণ বিশ্বাস। ঠাকুর সত্যবাদী আর এ বিষয়ে বিশেষজ্ঞ।
- শ্রীম (শ্রীরামকৃষ্ণকে যেরূপ দেখিয়াছি, পৃ. ২৭৬)

Published on: Jun, 27 2025 08:19